মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।
ISO 9001:2015 Certified

☎ ঃ ০২-৭৬১২৮৪৪,৭৬১১৭৪৭
ই-মেইল-mngpbs@yahoo.com
ওয়েব- www.pbs.munshiganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০০৮.২৪.৩২০৮

তারিখঃ ২৯ শ্রাবণ ১৪৩১
১৩ আগস্ট' ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি"

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি'র ভৌগোলিক এলাকায় অবস্থিত ইনডোর উপকেন্দ্র সমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে দৈনিক মজুরী (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে "নিরাপত্তা কর্মী" পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি'র ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম/ পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা কর্মী (দৈনিক মজুরী ভিত্তিতে), পদের সংখ্যা- ০৩ (তিন) টি। (পুরুষদের জন্য সংরক্ষিত) | ০২/০৯/২০২৪ খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭৪; তারিখ- ২৮/১২/২০২২ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী সর্বোচ্চ বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর পর্যন্ত আবেদন করতে পারবেন। | ক) শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে।<br>খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা এবং পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে অবশ্যই সৎ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>ঘ) সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন ও শারীরিকভাবে সক্ষম হতে হবে। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা | ক) মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর, টংগিবাড়ী, লৌহজং, সিরাজদিখান ও শ্রীনগর উপজেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।<br>খ) নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলার আলীরটেক ইউনিয়ন ও ফতুল্লা থানার বক্তাবলী ইউনিয়ন, শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদেরগঞ্জ উপজেলার চরআত্রা, কাচিকাঁটা ও নওপাড়া ইউনিয়ন, জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন, চাঁদপুর জেলার চাঁদপুর সদর উপজেলার রাজরাজেশ্বর ইউনিয়ন ও মতলব উত্তর উপজেলার এখলাছপুর, মোহনপুর, জহিরাবাদ (আংশিক) ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ**

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট www.pbs.munshiganj.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফরম A-4 সাইজের কাগজে হতে হবে। ইতিপূর্বে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০২। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পন্ন বা ভুল বা অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফর্মটি প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনফর্মটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (ছবি ও সকল অনুলিপি ১ম শ্রেনীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে অবশ্যই MICR চেক হতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। নির্বাচিত প্রার্থীকে দৈনিক ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী ৪০০/= (চারশত) টাকা এর সাথে সরকার ঘোষিত প্রতিদিন অতিরিক্ত ৫০.০০ (পঞ্চাশ) টাকা প্রণোদনা প্রাপ্য হবেন, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজার মূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন।

০৭। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবীও গ্রহনযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৮। আবেদনপত্র আগামী ০২/০৯/২০২৪ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস ব্যতীত সরাসরি কিংবা ০২/০৯/২০২৪ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৯। নিয়োগের লক্ষ্যে মৌখিক পরীক্ষা যে তারিখ অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ইমেইল/ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০। শারীরিক সক্ষমতা যাচাই ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১১। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে প্রার্থীর কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

১২। প্রার্থীকে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি'র যে কোন ইনডোর উপকেন্দ্রে নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে। যেদিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য মজুরী পাবেন। যা মাসিক ভিত্তিতে কর্মীর নিজ নামীয় ব্যাংক হিসাব মাধ্যমে প্রদান করা হবে।

১৩। অবাধ্যতা, অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষনিকভাবে তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

১৪। প্রার্থীর কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

১৫। প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে;

১৬। আবেদনকারী মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং-০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদিসহ প্রেরণ করবেন।

১৭। প্রার্থী বাছাই/নির্বাচনী পরীক্ষার অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

13/08/24
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ/নারায়ণগঞ্জ/শরীয়তপুর/চাঁদপুর।
০২। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ/নারায়ণগঞ্জ/শরীয়তপুর/চাঁদপুর।
০৩। মেয়র, মুন্সীগঞ্জ/মীরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ।
০৪। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
(০১–০৫: সদয় অবগতির জন্য)
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (দক্ষিণ), বাপবিবোর্ড, ঢাকা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................১/২/৩/৪।
০৯। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, মুন্সীগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর/টংগিবাড়ী/সিরাজদিখান/শ্রীনগর/লৌহজং, মুন্সীগঞ্জ/ফতুল্লা, নারায়ণগঞ্জ/নড়িয়া/জাজিরা, শরীয়তপুর/চাঁদপুর সদর/উত্তর মতলব, চাঁদপুর।
১১। ডিজিএম, সদর-কারিগরী/টংগিবাড়ী/সিরাজদিখান/লৌহজং/মুন্সীগঞ্জ/শ্রীনগর জোনাল অফিস, মুন্সীগঞ্জ পবিস।
১২। এজিএম (ওএন্ডএম), ভাগ্যকুল/নিমতলা/চরডুমুরিয়া/ডিক্রীরচর/নওপাড়া সাব-জোনাল অফিস, মুন্সীগঞ্জ পবিস।
১৩। এজিএম (ইএন্ডসি/প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এম এস/ওএন্ডএম/আইটি-ইএন্ডআই), মুন্সীগঞ্জ পবিস।
১৪। এজিএম (আইটি-ওএন্ডজি), মুন্সীগঞ্জ পবিস। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.munshiganj.gov.bd), মুন্সীগঞ্জ পবিস।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

13/08/24
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

**ফরম-১**

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ________ নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিতে)

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ

........................................................................................ ....................................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

............................................................ ............................................... .......................................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র/নিবন্ধন অনুযায়ী)

................................................................. ....................................................

৮. মাতার নাম

(দিন/মাস/বছর)

৯. বয়স (২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখে)

................................................................. ....................................................

১০. পিতার নাম

১১. ধর্ম

................................................................. ....................................................

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

.................................................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ *মহিলা* ☐ *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা* ☐ *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা* ☐ *এতিম ও শারীরিক প্রতিবন্ধি*

☐ *উপজাতি* ☐ *আনসার ও গ্রাম প্রতিরক্ষা* ☐ *প্রযোজ্য নয়*

১৭. স্থায়ী ঠিকানাঃ

........................................ ........................................ ........................................ ......................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.................................... .................................... .................................... ....................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

.................................................... .......................................... ..............................................

১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ২০. ব্যাংক ড্রাফট এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |


২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে মুন্সীগঞ্জ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে মুন্সীগঞ্জ পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

------------------------------ ------------------------------------

তারিখ আবেদনকারী স্বাক্ষর



# মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ ..........................................................................

পরীক্ষার সময় ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..........................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ..........................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

**প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক**..........................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১) পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২) নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩) উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪) পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫) চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬) পরীক্ষার সময় মূল কাগজপত্র সংগে আনতে হবে।

৭) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮) উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পবিস এর কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।